ইত্তেফাক

তারিখ ... 5/5/83 ...
পৃষ্ঠা ... ৩ কলাম 5 ...

# ৫০ হাজার প্রাথমিক শিক্ষক ও প্রশাসককে প্রশিক্ষণ দেওয়া হইবে —শিক্ষামন্ত্রী

ময়মনসিংহ, ৩রা মে (বাসস)—শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান আজ এখানে বলেন যে, প্রাথমিক শিক্ষার ৫০ হাজার শিক্ষক ও প্রশাসককে চলতি বছর চাকুরী-কালীন প্রশিক্ষণ দেওয়া হইবে।

প্রাথমিক প্রশিক্ষণ ইন্সটিটিউ-টের নিয়মিত কোর্স ছাড়াও ৪ শত ৭২টি থানার নির্বাচিত উচ্চ বিদ্যালয়গুলিতে এই প্রশিক্ষণ দেওয়া হইবে। ইহাতে ব্যয় হইবে এক কোটি ৬ লক্ষ টাকা।

মৌলিক শিক্ষা একাডেমীতে 'প্রাথমিক শিক্ষা' সংক্রান্ত তিন-দিনব্যাপী জাতীয় গবেষণা সেমি-নারে ভাষণ দানকালে ডঃ খান শিক্ষা সমস্যা সমাধানের বৈজ্ঞা-নিক পদ্ধতি বাহির করার জন্য পরীক্ষামূলক গবেষণার উপর গুরুত্ব আরোপ করেন।

সেমিনারে সারাদেশের ৪০জন প্রতিনিধি অংশগ্রহণ করিতেছেন এবং সেখানে প্রাথমিক শিক্ষার বিভিন্ন সমস্যা সম্পর্কে ১২টি গবেষণামূলক নিবন্ধ পাঠ করা হইবে।

004